মেহেরপুর পৌরসভা
মেহেরপুর।

'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন' বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্যোগে অদ্য ১৯/০৮/২০২০ ইং তারিখ রোজ রবিবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভার কাঁলাচাদ সভাকক্ষে পৌরসভার 'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন' বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ১, ২ ও ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা মোছাঃ আলপনা খাতুন।

সভায় উপস্থিত সদস্যদের নাম ও স্বাক্ষর পরিশিষ্ঠ "ক" তে দেখানো হল।

আলোচ্য সূচী:

১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।

২. UGIIP-III প্রকল্পের আওতায় ৬টি বস্তিতে ভৌত অবকাঠামো উন্নয়নের কাজ বাস্তবায়নের অগ্রগতি নিয়ে আলোচনা।

৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।	সভায় সভাপতি মহোদয় মোছাঃ আলপনা খাতুন আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২১/০৭/২০২০ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল
UGIIP-III প্রকল্পের আওতায় ৬টি বস্তিতে ভৌত অবকাঠামো উন্নয়নের কাজ বাস্তবায়নের অগ্রগতি নিয়ে আলোচনা।	সভাপতি মহোদয় সভায় জানান, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কার্যক্রমের উপর মেহেরপুর পৌরসভায় UGIIP-III প্রকল্পের আওতায় ভৌত অবকাঠামো উন্নয়নের কাজ চলমান রয়েছে। কাজের সর্বশেষ অবস্থা জানানোর জন্য সভাপতি মহোদয় বস্তি উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করেন। বস্তি উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, বস্তি উন্নয়নের কাজ চলছে। ইতি মধ্যে ০২ নং ওয়ার্ডের আখড়া পাড়া ও হালদার পাড়ায়, ৪ নং ওয়ার্ডের ভৈরব পাড়ায়, ৫ নং ওয়ার্ডের হটাৎ পাড়ায়, ৭ নং ওয়ার্ডের দিঘীর পাড়ায়, ৯ নং ওয়ার্ডের পশুর হাট পাড়ার বস্তিতে ১ম কিস্তির কাজ শেষ হয়েছে। ইতি মধ্যে মেজারমেন্ট গ্রহণের কাজ শেষ হয়েছে। মেজারমেন্ট বই তৈরীর কাজ শেষের পথে। বিল ও ভাউচার সহ আনুসাঙ্গিক কাগজ পত্র প্রকল্প অফিসে	দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ও বস্তি উন্নয়ন কর্মকর্তা।

	প্রেরণ করতে হবে। পৌরসভার প্রকৌশলী স্বল্পতা ও করনা ভাইরাস আক্রান্তের কারণে প্রকল্প অফিসে এই কাগজ পত্র পাঠাতে দেরী হচ্ছে। প্রকল্প অফিস হতে ইতি দ্বিতীয় কিস্তির ১ কোটি ২০ লক্ষ টাকা ছাড় হয়েছে। বস্তি উন্নয়ন কর্মকর্তা সভায় বলেন, যতটা তাড়াতাড়ি সম্ভব এই কার্যক্রম গুলি সমাপ্ত করে ২য় পর্য়ায়ের কাজ শুরু করতে হবে। ইতি মধ্যে অনেকটা সময় পার হয়ে গেছে। যেহেতু প্রকল্পের শেষ সময় সেহেতু দ্রুত কাজগুলি শেষ করতে না পারলে সমস্যা হতে পারে। তিনি দ্রুত কাজ শুরুর জন্য মেয়র মহোদয়ের সহায়তা কামনা করেন। মেয়র মহোদয় সভায় বলেন, আমরা ২য় পর্যায়ের কাজের জন্য সব প্রস্তুতি সম্পন্ন করেছি। ইতিমধ্যে নির্বাহী প্রকৌশলী করোনা পজিটিভ হওয়ায় এবং তার শারিরীক অবস্থা সঙ্কটাপন্ন হওয়ায় কাজ বিঘ্নিত হচ্ছে। তবে তিনি আশা প্রকাশ করেন, কয়েক দিনের মধ্যেই আমরা সকল কাজ সম্পন্ন পূর্বক ২য় পর্যায়ের কাজ শুরু করতে পারবো।	
বিবিধ	কাউন্সিলর ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড (সংরক্ষিত) জনাব হামিদা সভায় বলেন, বস্তি উন্নয়নের কাজ প্রায় ৯ মাসের অধিক সময় বন্ধ আছে। এলাকার অনেকেই জানতে চায় কবে কাজ শুরু হবে। তিনি কাজগুলি দ্রুত সময়ের মধ্যে শুরু করার জন্য বিষয়টি মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষন করেন। মেয়র মহোদয় সভায় বলেন, যে সকল সম্যার কারণে এতোদিন কাজ বন্ধ আছে অচিরেই তা সমাধান করে কাজ শুরু করা হবে। তিনি সকলকে একটু ধৈয্য ধরার আহবান জানান এবং এই কাজ সম্পন্ন করতে সকলের সহযোগিতা কামনা করেন।	মেয়র, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি।

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোছাঃ আলপনা খাতুন)
কাউন্সিলর ১, ২ ও ৯ নং ওয়ার্ড (সংরক্ষিত)
ও সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি,
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ" (সেক্টর) প্রকল্প।
২. ...., সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ।

মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার নামঃ 'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক' অতিরিক্ত স্থায়ী কমিটির সভা

সভার তারিখঃ ১৯/০৮/২০২০ ইং

সভার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	
২	জনাব মোছাঃ শিউলী খাতুন	কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড,(সংরক্ষিত)মেহেরপুর পৌরসভা	
৩	জনাব হামিদা	মহিলা কাউন্সিলর ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা।	
৪	জনাব মোঃ আল মামুন	কাউন্সিলর, ০২ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৫	জনাব মোঃ হারুন-উর-রশীদ	নির্বাহী প্রকৌশলী, মেহেরপুর পৌরসভা	
৬	হোসনে আরা	দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি	
৭	মাসুদ শেখ	দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি	
৮	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	
৯	মো: মোমিনুল ইসলাম	LeDA	
১০			